

আবদুল হামিদ
মেডিকেল কলেজ
পরিদর্শন রাষ্ট্রপতির
কিশোরগঞ্জ যুরো

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ শনিবার বিকাল ৫টার দিকে কিশোরগঞ্জের কিশোরগঞ্জ উপজেলার জাফরাবাদে নিজ নামে প্রতিষ্ঠিত মেডিকেল কলেজ পরিদর্শন করেছেন। সেখানে প্রায় দুই ঘণ্টা অবস্থান করে সন্ধ্যা ৭টার দিকে কিশোরগঞ্জ সার্কিট হাউসে এসে উঠেন তিনি। আবদুল হামিদ মেডিকেল কলেজ পরিদর্শনকারী রাষ্ট্রপতির সঙ্গে ছিলেন তাঁর বড় ছেলে রেজওয়ান আহমেদ তৌফিক, অ্যাডভোকেট সোহরাব উদ্দিন, জেলা প্রশাসক এসএম আলম, জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট মো. জিন্নুর রহমান, জেলা পুলিশ সুপার মো. আনোয়ার হোসেন খান, মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. আনাম নৌশাদ খান প্রমুখ। সন্ধ্যায় কিশোরগঞ্জ সার্কিট হাউসে প্রশাসন ও বিভিন্ন শ্রেণী-পেশার ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। সার্কিট হাউসে রাতের খাবার শেষে শহরের খরনপাড়া এলাকায় অবস্থিত নিজ বাসায় তিনি রাত যাপন করেন।